উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

উপজেলা পরিষদ
বালাগঞ্জ, সিলেট

মুজিব বর্ষ

আগস্ট/২০২১ মাসের অনুষ্ঠিত উপজেলা পরিষদের ২৬ তম সাধারণ সভার কার্যবিবরণি

সভাপতি : জনাব মোঃ মোস্তাকুর রহমান , চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বালাগঞ্জ, সিলেট
স্থান : উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ, বালাগঞ্জ
তারিখ ও সময় : ১৭ আগস্ট ২০২১, সকাল : ১১.৩০ ঘটিকা

( সভায় উপস্থিত ও অনুপস্থিত সদস্যগণের তালিকা পরিশিষ্ট 'ক' এবং 'খ' দ্রষ্টব্য )

সভাপতি উপস্থিত সকল সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কাজ আরম্ভ করেন। অতঃপর সভাপতির অনুরোধক্রমে উপজেলা নির্বাহী অফিসার সভার কাজ পরিচালনা করেন। সভায় আলোচ্যসূচি অনুযায়ী নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়-

| বিভাগের নাম | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| বিগত সভার কার্যবিবরণি পাঠ ও অনুমোদন | বিগত মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণি ধারাবাহিক ভাবে পাঠ করে শুনানো হয়। | কার্যবিবরণিতে কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে তা দৃঢ়ীকরণ করা হয়। | উপজেলা চেয়ারম্যান/ উপজেলা নির্বাহী অফিসার |
| স্থানীয় সরকার বিভাগ (ইউনিয়ন পরিষদ) | উপজেলা নির্বাহী অফিসার, বালাগঞ্জ সভায় নিয়মিত ইউনিয়ন পরিষদের সাধারণ সভা করে সভার কার্যবিবরণি যথাসময়ে প্রেরণ নিশ্চিত করার জন্য ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ করেন। | যথাযথভাবে নোটিশ দিয়ে মাসে অন্তত: একবার ইউনিয়ন পরিষদের সাধারণ সভা করে সভার কার্যবিবরণি স্বাক্ষরিত হওয়ার পরবর্তী চৌদ্দ দিনের মধ্যে ইউনিয়ন পরিষদের সকল সিদ্ধান্ত উপজেলা নির্বাহী অফিসার এবং জেলা প্রশাসকের নিকট ইউপি চেয়ারম্যানগণ প্রেরণ করবেন মর্মে সিদ্ধান্ত গৃহিত হয়। | ইউপি চেয়ারম্যান (সকল |
| বিগত সভা হতে এ পর্যন্ত প্রাপ্ত সার্কুলার | স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় স্থানীয় সরকার বিভাগ উপজেলা-১ শাখার ২০/০৮/২০২১ তারিখের ৪৬.০০.০০০০.০৪৬.০২০.০১০২০২০-৫১২ নং স্মারক মূলে উপজেলা পরিষদের জীপগাড়ীর জ্বালানী খরচ উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে ব্যয়করণ পত্র পাওয়া গেছে। | পত্রের আলোকে উপজেলা রাজস্ব তহবিল হতে উপজেলা পরিষদের জীপগাড়ীর জ্বালানী খরচ ব্যয় নির্বাহের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পরিষদ চেয়ারম্যান/উপজেলা নির্বাহী অফিসার |
| উপজেলা কমিটির সুপারিশ পর্যালোচনা | উপজেলা কমিটির উপস্থাপনযোগ্য কোন প্রস্তাব/সুপারিশ নেই। | উপজেলা কমিটির সভা নিশ্চিত করতে হবে। | ভাইস চেয়ারম্যান (পুরুষ/মহিলা) এবং সদস্য সচিব সংশ্লিষ্ট সকল স্থায়ী কমিটি |
| উপজেলা পরিষদের উপদেষ্টা তথা মাননীয় সংসদ সদস্যের সুপারিশ পর্যালোচনা | সিলেট-৩ আসন শুন্য থাকায় মাননীয় সংসদ সদস্য এর আগস্ট/২০২১ মাসে উপস্থাপনযোগ্য কোন প্রস্তাব/সুপারিশ নেই। | প্রস্তাব/সুপারিশ নেই | সকল দপ্তর |

| | | | |
|---|---|---|---|
| স্থানীয় সরকার প্রকৌশলী বিভাগ | উপজেলা প্রকৌশলী জানান নতুন রাস্তার আইডিভুক্ত করনের লক্ষ্যে রাস্তার তালিকা অনুমোদনের নিমিত্ত সংযোজনী -১ আকারে মে মাসের মাসিক সমন্বয় সভায় সর্বমোট ৩৫ টি রাস্তার তালিকা পেশ করা হয়। পরবর্তীতে জনগুরত্বপূর্ণ নতুন ০২টি রাস্তার নামসহ সর্বমোট ৩৭টি রাস্তা আইডিভুক্ত করনের জন্য সংযোজন-১ আকারে অনুমোদনের প্রস্তাব করেন।<br>উপজেলা নির্বাহী অফিসার জানান ২০২১-২০২২ অর্থ বছরে এডিপি হতে প্রাপ্ত বরাদ্দ হতে এসপ্তাহে প্রকল্প দাখিল ও যাচাই-বাছাইয়ের কাজ শুরু করতে হবে এবং আগামী সভায় অনুমোদনের জন্য প্রকল্প তালিকা দাখিলের নিমিত্ত উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করেন। যথা সময়ে প্রকল্প কাজ সম্পন্নে সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানান।<br>জাইকার বরাদ্দ মতে প্রকল্প কাজ নির্ধারিত সময়ে সম্পন্নে পদক্ষেপ গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হয়।<br>সভাপতি পূর্বডেকাপুর সঃ প্রাঃ বিদ্যালয়, চকদৌলতপুর সঃ প্রাঃ বিদ্যালয়, দত্তপুর সঃ প্রাঃ বিদ্যালয় ও ইছাপুর সঃ প্রাঃ বিদ্যালয়ের কাজের অবস্থা সম্পর্কে উপজেলা প্রকৌশলীর কাছ থেকে জানতে চান। | ০১. জনগুরত্বপূর্ণ মে মাসে স্বাক্ষরিত তালিকার সাথে নতুন ২টি রাস্তা সহ সর্বমোট ৩৭ টি রাস্তা আইডিভুক্ত করনে সংযোজন-১ আকারে অনুমোদন এর সিদ্ধান্ত গৃহীত হয়।<br>০২. ২০২১-২০২২ অর্থ বছরে প্রাপ্ত এডিপি বরাদ্দ হতে এ সপ্তাহে প্রকল্প দাখিল ও যাচাই-বাছাইয়ের কাজ শুরু করতে হবে এবং উপজেলা প্রকৌশলী আগামী সভায় অনুমোদনের জন্য প্রকল্প তালিকা দাখিল করবেন।<br>০৩.জাইকার বরাদ্দ মতে প্রকল্প কাজ নির্ধারিত সময়ে সম্পন্নে উপজেলা প্রকৌশলী পদক্ষেপ গ্রহণ করবেন।<br>০৪. পূর্বডেকাপুর সঃ প্রাঃ বিদ্যাঃ ও চকদৌলতপুর সঃ প্রাঃ এবং ইছাপুর সঃ প্রাঃ বিদ্যালয় ও দত্তপুর সঃ প্রাঃ বিদ্যালয়ের কাজের অবস্থা সম্পর্কিত তথ্য আগামী সভায় উপজেলা প্রকৌশলী কর্তৃক দাখিলের সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা পরিষদ চেয়ারম্যান/উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা প্রকৌশলী/ ইউপি চেয়ারম্যান (সকল) |
| **দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রান বিভাগ** | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান তাঁর দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি গৃহিত কার্যক্রম সম্পাদনে ইউপি চেয়ারম্যান ও সংশ্লিষ্ট সকলের সার্বিক সহযোগিতা কামনা করেন। | বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা অব্যাহত রাখতে উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা কে অনুরোধ করা হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা/ ইউপি চেয়ারম্যান (সকল) |
| স্বাস্থ্য বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তার পক্ষে প্রতিনিধি সভায় জানান বালাগঞ্জ উপজেলায় করোনা ভ্যাক্সিনেশনের রেজিষ্ট্রেশনের সংখ্যা ১৩৪৪৫ এর মধ্যে COVISHIELD টিকা ১ম ডোজ ২,৯৬৩ জন এবং ২য় ডোজ ২,৩২৭ জন গ্রহণ করছেন। করোনা ভ্যাক্সিন Sinopharm (Vero cell) টিকা ১ম ডোজ ৬৫৮০ জন এবং ২য় ডোজ ২৯ জন টিকা গ্রহণ করেছেন।<br>তিনি আরো জানান বালাগঞ্জ উপজেলায় করোনা সন্দেহে ৫৬৪ জনের নমুনা সংগ্রহ করে পরীক্ষার জন্য প্রেরণ করা হয়েছে। করোনায় আক্রান্ত পজিটিভ রোগীর সংখ্যা ২০৩। বর্তমানে করোনায় আক্রান্ত রোগীর সংখ্যা ১০ এবং মৃতের সংখ্যা- ০৩ । করোনা আক্রান্ত রোগীর জন্য বেড সংখ্যা-০৫ এবং অক্সিজেন সিলিন্ডার মজুদ সংখ্যা ০৫। ৩১ শয্যা হতে ৫০ শয্যা বিশিষ্ট হাসপাতালের নির্মাণ কাজ চলমান রয়েছে। পুরাতন হাসপাতালের রক্ষণাবেক্ষণ কাজের জন্য নির্বাহী প্রকৌশলী (স্বাস্থ্য) বরাবর পত্র প্রেরণ করা হয়েছে। | বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা অব্যাহত রাখার জন্য উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তাকে অনুরোধ করা হয়।<br>করোনা ভাইরাস মোকাবেলা ও প্রতিরোধ সংক্রান্ত ইউনিয়ন কমিটি ও ওয়ার্ড কমিটি সক্রিয় করার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা/ ইউপি সংশ্লিষ্ট (সকল) |
| পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, বালাগঞ্জ সভায় জানান পরিবার পরিকল্পনা বিভাগের কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। অতঃপর তিনি আরো জানান গর্ভবতী পরিচর্যা-৯৯১, প্রসব সেবা প্রদান-৫৪, গর্ভোত্তর পরিচর্যা-২৯০,শিশু স্বাস্থ্য সেবা-৪৫২০ সাধারণ রোগী-২৯৯৮ এবং ইমপ্ল্যান্ট-০৬ জন। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন ও পরিবার পরিকল্পনা সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধির জন্য উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | **উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা/ ইউপি চেয়ারম্যান (সকল)** |

| | | | |
|---|---|---|---|
| কৃষি বিভাগ | উপজেলা কৃষি কর্মকর্তা জানান কৃষি বিভাগের কাজ স্বাভাবিক ভাবে চলছে। মাঠে রোপা আমন রোপন চলছে পুরোদমে ৭০% (৫৩০৬ হেঃ রোপন হয়েছে)। এবার রোপন আমন লক্ষ্যমাত্রা আছে ৭৫৮০ হেঃ রোপা আউশের লক্ষ্যমাত্রা ছিল ৩৬২২ হেঃ অর্জন হয়েছে ২৫০০. হেঃ (বৃষ্টি কম হয়েছিল)। | অনাবাদি/পতিত জমি চাষের আওতায় আনয়ণ, কৃষক ও কৃষির উন্নয়ন এবং খাদ্য উৎপাদনের ধারাবাহিকতা অব্যাহত রাখতে উপজেলা কৃষি কর্মকর্তা ও ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ করা হয়। সার, বীজ ও কীটনাশক যাতে প্রকৃত কৃষক পায় বিষয়টি নিশ্চিত করা সহ কৃষকদের প্রয়োজনীয় পরামর্শ যথাসময়ে প্রদান নিশ্চিত করার সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা কৃষি কর্মকর্তা/ ইউপি চেয়ারম্যান (সকল) |
| খাদ্য বিভাগ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সভায় উপস্থিত না থাকায় এ বিভাগ সম্পর্কে আলোচনা করা গেল না। | বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা অব্যাহত রাখার জন্য উপজেলা খাদ্য নিয়ন্ত্রক ও সার্বিক সহযোগিতার জন্য ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ করা হয়। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক/ ইউপি চেয়ারম্যান (সকল) |
| মৎস্য বিভাগ | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা জানান মৎস্য বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি জানান ০৬টি ইউনিয়নের বিভিন্ন হাট বাজার পরিদর্শন করা হয়েছে। পরিদর্শনকালে ফর্মালিনমুক্ত মাছ, জাটকা ইলিশ এবং সরকার নিষিদ্ধ আফ্রিকান মাগুর পাওয়া যায় নাই এবং মৎস্য সম্পদ সুরক্ষা ও সংরক্ষণ আইন অনুযায়ী প্রতি বছর জুলাই- ডিসেম্বর পর্যন্ত ৯ ইঞ্চি নিচে রুই জাতীয় পোনামাছ আহরণ, পরিবহণ ও বিক্রয় নিষিদ্ধ করা হয়েছে। এ জাতীয় মৎস্য আহরণ না করার জন্য মৎস্য আহরণকারীদের পরামর্শ প্রদান করা হয়েছে। চলতি মাসে অত্র উপজেলার ০৬ টি ইউনিয়নে বিভিন্ন গ্রামের মোট ১৮ জন মৎস্য চাষীকে প্রশিক্ষণ প্রদান সহ ১৫ জন মৎস্যচাষীর পুকুর পরিদর্শন ও কীট-বক্সের মাধ্যমে পানি পরীক্ষা করা হয়েছে। | উপজেলা মৎস্য কর্মকর্তা বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখা সহ আগ্রহী মৎস্য চাষীদের পরামর্শ প্রদান,বিল নার্সারী কার্যক্রম চলমান রাখা সহ প্রদর্শনী কার্যক্রম ও প্রশিক্ষণ প্রদান নিশ্চিত করবেন মর্মে সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা মৎস্য কর্মকর্তা/ ইউপি চেয়ারম্যান (সকল) |
| প্রাণিসম্পদ বিভাগ | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা সভায় জানান,দীর্ঘদিন লকডাউনের ফলে কিছু কিছু কার্যক্রম স্থিতিশীল থাকলে ও সীমিত আকারে অফিস খোলা রেখে সেবা গ্রহীতাদের সেবা প্রদান করা হচ্ছে। তিনি আরো জানান, হাওর অঞ্চলের সমন্বিত প্রাণিসম্পদ উন্নয়ন প্রকল্পের অধীনে সুফলভোগী নির্বাচনের কাজ এ মাসেই শুরু হবে। ইউপি চেয়ারম্যান সহ সংশ্লিষ্ট সকলের সার্বিক সহযোগিতা কামনা করেন। | বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা অব্যাহত রাখার জন্য উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা / ইউপি চেয়ারম্যান (সকল) |
| প্রাথমিক শিক্ষা বিভাগ | উপজেলা শিক্ষা কর্মকর্তা সভায় উপস্থিত না থাকায় এ বিভাগ সম্পর্কে আলোচনা করা গেল না। | শিক্ষার মনোন্নয়নের ধারাবাহিকতা অব্যাহত রাখা এবং করোনা ভাইরাসজনিত কোভিড-১৯ সংকট-কালীন সময় শিক্ষার্থীদের অনলাইন শ্রেণি কার্যক্রম অব্যাহত রাখতে উপজেলা শিক্ষা কর্মকর্তা, জনপ্রতিনিধি ও সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হয়। | উপজেলা শিক্ষা কর্মকর্তা/ ইউপি চেয়ারম্যান(সকল) |
| মাধ্যমিক শিক্ষা বিভাগ | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, সভায় জানান করোনা ভাইরাস মোকাবেলায় প্রশাসনের সাথে সম্পৃক্ত থেকে সার্বিক সহযোগিতা প্রদান, শিক্ষার্থীদের এ্যাসাইনমেন্ট কার্যক্রম চলমান, অনলাইন শ্রেণি কর্যক্রম,আইইআইএমএস প্রকল্পের আওতায় মাধ্যমিক পর্যায়ের মাধ্যমিক শিক্ষার্থীদের ডেটাবেইজ প্রণয়ন ও ইউআইডি প্রদানের কাজ চলমান রয়েছে। বিভাগীয় কাজ স্বাভাবিক ভাবে চলছে। | শিক্ষার মনোন্নয়নের ধারাবাহিকতা অব্যাহত রাখা এবং করোনা ভাইরাসজনিত কোভিড-১৯ সংকটকালীন সময় শিক্ষার্থীদের অনলাইন শ্রেণি কার্যক্রম অব্যাহত রাখতে উপজেলা মাধ্যমিক শিক্ষা | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা/ইউপি চেয়ারম্যান (সকল) |

| | | | |
|---|---|---|---|
| | | কর্মকর্তা, জনপ্রতিনিধি ও সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হয়। | |
| পল্লী উন্নয়ন বিভাগ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা উপস্থিত না থাকায় সভায় অসন্তোষ প্রকাশ করা হয়। | সভায় সভায় অসন্তোষ প্রকাশ করা হয়। নিয়মিত উপস্থিত থাকাসহ বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা/ইউপি চেয়ারম্যান (সকল) |
| জনস্বাস্থ্য প্রকৌশলী বিভাগ | উপসহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) সভায় জানান, পূর্বের ন্যায় বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। সমগ্রদেশে নিরাপদ পানি সরবরাহ শীর্ষক প্রকল্পের আওতায় বালাগঞ্জ উপজেলায় কমিউনিটি ভিত্তিক (১০ টি পারিবারে জন্য ১টি পানির উৎস হিসেবে ) মোট ১৮ টি (প্রতি ইউনিয়নে ০৩টি) পানির উৎস্য স্থাপনের বরাদ্দ পাওয়া গিয়াছে।<br>২০২০-২১ অর্থ বছরে হাওর অঞ্চলে টেকসই পানি সরবরাহ স্যানিটেশন ও হাইজিন ব্যবস্থার উন্নয়ন "শীর্ষক প্রকল্প (১ম পর্যায়ে) সমগ্র দেশে নিরাপদ পানি সরবরাহ শীর্ষক প্রকল্প ( ২য় পর্যায় "পানি সরবরাহে আর্সেনিক ঝুঁকি নিরসন" প্রকল্পের (৩য় পর্যায়ের) আওতায় বরাদ্দপ্রাপ্ত নলকূপের তালিকা এবং সরকার নির্ধারিত সহায়ক চাঁদা যে সকল ইউপি চেয়ারম্যান প্রেরণ করেননি দ্রুত প্রেরণের জন্য সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যানকে অনুরোধ করেন। | স্যানিটেশন কার্যক্রম ও নিরাপদ পানি সরবরাহ এবং সংরক্ষণ বাস্তবায়নসহ বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা অব্যাহত রাখার জন্য উপসহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) এবং সার্বিক সহযোগিতার জন্য ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ করা হয়।<br>ইউনিয়নওয়ারী নলকূপের তালিকা এবং সরকার নির্ধারিত সহায়ক চাঁদা জরুরী ভিত্তিতে প্রেরণের জন্য ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ করা হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা প্রকৌশলী/উপজেলা শিক্ষা কর্মকর্তা/উপ সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য)/ ইউপি চেয়ারম্যান (সকল) |
| মহিলা বিষয়ক অধিদপ্তর | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা জানান তাঁর দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। গৃহিত কার্যক্রমে ইউপি চেয়ারম্যান ও সংশ্লিষ্ট সকলের সার্বিক সহযোগিতা কামনা করেন। | বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা অব্যাহত রাখরে জন্য মহিলা বিষয়ক কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা/ইউপি চেয়ারম্যান (সকল)/ট্যাগ অফিসার(সকল) |
| সমাজ সেবা বিভাগ | উপজেলা সমাজসেবা কর্মকর্তা সভায় জানান, ২০২১-২০২২ অর্থ বছরের ১ম কিস্তি থেকে বয়স্ক, বিধবা ও স্বামী নি:গৃহীতা মহিলা এবং অস্বচ্ছল প্রতিবন্ধী ভাতা শতভাগ নির্ভুল করার লক্ষ্যে কোনা ভাতাভোগীদের মোবাইল নাম্বার ভুল থাকলে তা সংশোধন করে তালিকা দেখা এবং সকল মৃত ভাতাভোগীর প্রতিস্থাপন তালিকা দ্রুত প্রেরণের জন্য ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ করেন। | বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা অব্যাহত রাখার জন্য উপজেলা সমাজসেবা কর্মকর্তাকে অনুরোধ করা হয়। তাছাড়া সকল প্রকার ভাতাভোগীদের ভাতা সুষ্ঠভাবে বিতরণ কার্যক্রমে ইউপি চেয়ারম্যানগণ সার্বিক সহযোগিতা করতে হবে। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা/ ইউপি চেয়ারম্যান (সকল) |
| সমবায় বিভাগ | উপজেলা সমবায় কর্মকর্তা সভায় অনুপস্থিত থাকায় এ বিভাগ সম্পর্কে আলোচনা করা গেল না। | সভায় নিয়মিত উপস্থিত থাকতে এবং বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা অব্যাহত রাখতে উপজেলা সমবায় কর্মকর্তাকে অনুরোধ করা হয়।<br>সার্বিক সহযোগিতার জন্য ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ করা হয়। | উপজেলা সমবায় কর্মকর্তা/ ইউপি চেয়ারম্যান (সকল) |
| যুব উন্নয়ন বিভাগ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার প্রতিনিধি সভায় জানান, ক্রমপুঞ্জিত আদায় যোগ্য টাকা ১,৬৫,৬৯,৫০০/- ক্রমপুঞ্জিত ঋণ আদায়কৃত টাকা ১,৪৬,৬৭,১১৮/-ক্রমপুঞ্জিত আদায়ের হার ৮৮.৫১%। | সভায় নিয়মিত উপস্থিত থাকাসহ বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা অব্যাহত রাখার জন্য উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা কে অনুরোধ করা হয়। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা/ ইউপি চেয়ারম্যান (সকল) |
| পল্লী সঞ্চয় ব্যাংক | ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক সভায় অনুপস্থিত থাকায় এ বিভাগ সম্পর্কে আলোচনা করা গেল না। | বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা অব্যাহত রাখা সহ সভায় নিয়মিত উপস্থিত থাকার জন্য পল্লী সঞ্চয় ব্যাংক এর ব্যবস্থাপককে অনুরোধ করা হয়। | ব্যবস্থাপক পল্লী সঞ্চয় ব্যাংক/ইউপি চেয়ারম্যান (সকল) |

| | | | |
|---|---|---|---|
| নিয়মিত রাজস্ব ব্যায় | উপজেলা চেয়ারম্যান মহোদয়ের জীপগাড়ীর মেরামত বাবাদ ৪২,০০০/- ( বিয়াল্লিশ হাজার) টাকা খরচ হয়েছে ব্যয় অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করা হয়। | উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে ৪২,০০০/- ( বিয়াল্লিশ হাজার) টাকা ব্যয় সভায় সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়। | চেয়ারম্যান,উপজেলা পরিষদ/ উপজেলা নির্বাহী অফিসার/<br>উপজেলা প্রকৌশলী/ইউপি চেয়ারম্যান (সকল) |
| বিবিধ | (ক) উপজেলা প্রকৌশলী উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের বাসায় পানির নতুন মটর বসানো হয়েছে যার মজুরী সহ খরচ ২১,৬২০/- টাকা এবং পুরাতন লাইনের পাইপ, ফিটিংস পাল্টানো বাবদ ৭,৮৫০/- টাকা খরচ হয়েছে মর্মে সভায় অবহিত করেন।<br>(খ) উপজেলা নির্বাহী অফিসার আগামী জাতীয় সংসদ নির্বাচনে সকলের সার্বিক সহযোগীতা কামনা করেন।<br>(গ) চেয়ারম্যান পূর্ব পৈলনপুর ইউপি সভায় বলেন, নতুন ইউনিয়ন পরিষদ ভবনটি খোলা জায়গায় অবস্থিত হওয়ায় বর্ষা মৌসুমে নিচের মাটি ক্ষয় হয়ে যায় তাই গার্ডওয়াল স্থাপনের প্রস্তাব করেন। তিনি আরো জানান, নতুন ইউনিয়ন পরিষদ ভবনটি সরেজমিনে উপজেলা চেয়ারম্যান, উপজেলা নির্বাহী অফিসার পরিদর্শন করার জন্য অনুরোধ করেন।<br>(ঘ) উপজেলা প্রকৌশলী, বালাগঞ্জ সভায় উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা পরিষদ চেয়ারম্যানের অফিস কক্ষ মেরামত এবং সংস্কারের জন্য ২.০০ (দুই লক্ষ) টাকার প্রাক্কলন সভায় উপস্থাপন করেন। সভায় উপস্থিত ইউপি চেয়ারম্যানগণ উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা পরিষদ চেয়ারম্যানের অফিস কক্ষ জরুরী ভিত্তিতে মেরামত ও সংস্কারের বিষয়ে মতামত ব্যক্ত করেন।<br><br>(ঙ) অদ্যকার সভাপতি বলেন, জাইকার বরাদ্দ মতে প্রকল্প কাজ যথাসময়ে সম্পন্নে পদক্ষেপ গ্রহনের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করেন<br>(চ) বর্তমান মৌসুমে ডেঙ্গু মশার প্রাদুর্ভাব দেখা দেয়ায় জরুরী ভিত্তিতে মশা নিধনের একটি স্প্রে-মেশিন সরবরাহের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | (ক) উপজেলা রাজস্ব তহবিল হতে পানির নতুন মটর বসানো হয়েছে যার মজুরী সহ খরচ ২১,৬২০/- টাকা এবং পুরাতন লাইনের পাইপ, ফিটিংস পাল্টানো বাবদ খরচ ৭,৮৫০/- টাকা পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(খ) আগামী জাতীয় সংসদ নির্বাচনে সকলের সার্বিক সহযোগীতা করনের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>.(গ) নতুন ইউনিয়ন পরিষদ ভবনটি খোলা জায়গায় অবস্থিত হওয়ায় বর্ষা মৌসুমে নিচের মাটি ক্ষয় হয়ে যায় তাই গার্ডওয়াল স্থাপনের সিদ্ধান্ত গৃহিত হয়<br>(ঘ) উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকার বিধি-বিধান প্রতিপালন পূর্বক প্রকল্প বাস্তবায়ন কমিটির মাধ্যমে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(ঙ) জাইকার বরাদ্দ মতে প্রকল্প কাজ যথাসময়ে সম্পন্নে পদক্ষেপ গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হয়।<br>(চ) বিধি-বিধান প্রতিপালনপূর্বক উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে মশা নিধনের স্প্রে-মেশিন সরবরাহের সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা পরিষদ চেয়ারম্যান/উপজেলা নির্বাহী অফিসার/ অফিসার ইনচার্জ বালাগঞ্জ থানা/উপজেলা প্রকৌশলী/ ব্যবস্থাপক সকল ব্যাংক/ ইউপি চেয়ারম্যান (সকল) |
| শোক প্রস্তাব | শোক প্রস্তাবঃ উপজেলা প্রকৌশলী দপ্তরের উপ-সহকারী প্রকৌশলী জনাব মোশাররফ হোসেন, বালাগঞ্জ -তাজপুর রোডে মটর সাইকেলে আরোহী অবস্থায় ট্রাকের সাথে সংঘর্ষে মৃত্যুবরণ করায় উপজেলা চেয়ারম্যান, উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা প্রকৌশলী ও বিভিন্ন দপ্তরের প্রধানগণ ও ইউপি চেয়ারম্যানগণ সভায় শোক প্রস্তাব উথাপন করেন।<br>সংশোধন শোক প্রস্তাবঃ গত জুলাই মাসের মাসিক উন্নয়ন সমন্বয় সভায় পূর্ব পৈলনপুর ইউনিয়নের ০৪ নং ওয়ার্ড আওয়ামীলীগের সাধারন সম্পাদক মোঃ আনছার মিয়া মৃত্যুবরণ করায় পূর্ব পৈলনপুর ইউপি চেয়ারম্যান সভায় শোক প্রস্তাব উথাপন করেন।<br>জুলাই,২১ মাসের সভায় ভূলবসত মোঃ আনছার মিয়ার স্থলে মোঃ আনহার মিয়ার নাম লিপিবদ্ধ হওয়ায় সংশোধনের প্রস্তাব উথাপন করেন। তাঁর মৃত্যুতে গভীর শোক প্রকাশ করে আত্মার মাগফেরাত কামনা করা হয়। | সভায় তাঁর মৃত্যুতে গভীর শোক প্রকাশ করে আত্মার মাগফেরাত কামনা করা হয়। শোক প্রস্তাব সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।<br><br>মোঃ আনহার মিয়ার স্থলে মোঃ আনছার মিয়া লিপিবদ্ধ করার সিদ্ধান্ত গৃহিত হয়। | |

উপজেলা পরিষদ ভাইস চেয়ারম্যান মোঃ সামস উদ্দিন সামস আজিজপুর টু বাংলা বাজার রাস্তা ও মোরার বাজার টু কবেরাইল রাস্তা দ্রুত সংস্কারের প্রস্তাব করেন। বোয়ালজুড় বাজারের যে জায়গা এক্সিডেন্ট হয়েছে সে জায়গায় বালু রাখা রয়েছে সরজমিনে তদন্ত পূর্বক বালু সরানোর ব্যবস্থা নেওয়ার জন্য অনুরোধ করেন। এবং সেখানে স্পিড ব্রেকার স্থাপনের প্রস্তাব করেন।

সভাপতির সমাপনী বক্তব্য : গত ২০২০-২০২১ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচির টাকা ফেরৎ যাওয়ায় অত্যান্ত দুঃখ প্রকাশ করে বলেন আগামী ২০২১-২০২২ অর্থ বছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচির টাকা ফেরৎ না যায় সে দিকে সু-দৃষ্টি দেওয়ার জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করেন। জাইকার প্রকল্পের বরাদ্দকৃত টাকার প্রকল্প প্রস্তুত করে সঠিকভাবে সমাপ্ত করণের পদক্ষেপ গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করেন। উপজেলা কমিটির সভার সিদ্ধান্ত কার্যকর করতে সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করেন। চলমান পরিস্থিতির প্রেক্ষিতে সবাইকে স্বাস্থ্য বিধি মেনে অর্পিত দায়িত্ব পালনের জন্য সকলকে অনুরোধ করেন। উপজেলা পরিষদের সাধারণ সভাকে কার্যকর করতে সকল বিভাগের কর্মকর্তাদের সভায় নিয়মিত উপস্থিত থাকার জন্য অনুরোধ করেন। তিনি বালাগঞ্জ উপজেলার সার্বিক পরিস্থিতি মোকাবেলা ও উন্নয়নের ধারাবাহিকতা অব্যাহত রাখতে একযোগে কাজ করার জন্য জনপ্রতিনিধি ও কর্মকর্তাদের অনুরোধ করেন।

সভায় বিস্তারিত আলোচনা শেষে সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

১৭/০৮/২০২১

(মোঃ মোস্তাকুর রহমান)
চেয়ারম্যান
বালাগঞ্জ উপজেলা পরিষদ
বালাগঞ্জ,সিলেট
Email.ucbalaganj@gmail.com

স্মারক নং : ০৫.৪৬.৯১০৮.০০৬.১৬.০৮৬.২১- ৩০৭(৫০)
তারিখ : ১৭ আগস্ট ২০২১

অনুলিপি : সদয় জ্ঞাতার্থে-
০১। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০২। কমিশনার, সিলেট বিভাগ
০৩। পরিচালক, স্থানীয় সরকার, সিলেট বিভাগ
০৪। জেলা প্রশাসক, সিলেট
০৫। উপপরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট
০৬। চেয়ারম্যান, উপজেলা পরিষদ , বালাগঞ্জ, সিলেট
০৭। ভাইস চেয়ারম্যান/ মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বালাগঞ্জ, সিলেট

অনুলিপিঃ জ্ঞাতার্থে ও কার্যার্থে-
০১। উপজেলা ..................................কর্মকর্তা, বালাগঞ্জ, সিলেট
০২। চেয়ারম্যান......................................ইউপি (সকল), বালাগঞ্জ, সিলেট
০৩। জনাব...........................................................................

১৭/০৮/২০২১
( রোজিনা আক্তার )
উপজেলা নির্বাহী অফিসার
বালাগঞ্জ, সিলেট।
☎ ০২৯৯৬৬৪৪৯৬৫

| ক্র.নং | জনপ্রতিনিধির নাম ও পদবি | তারিখ ২২/০৬/২২ | তারিখ ২৭/০৪/২২ | তারিখ ৩১/০৫/২২ | তারিখ ২৮/০৬/২২ | তারিখ ৪/০৭/২২ | তারিখ ১৯/০৮/২২ | তারিখ |
|---|---|---|---|---|---|---|---|---|
| ০১। | জনাব মাহমুদ-উস-সামাদ চৌধুরী সংসদ সদস্য-সিলেট-০৩ | | | | | | | |
| ০২। | জনাব মোঃ মোস্তাকুর রহমান চেয়ারম্যান, উপজেলা পরিষদ | | | | | | | |
| ০৩। | জনাব মোঃ সামসুদ্দিন ভাইস চেয়ারম্যান | [signature] | | [signature] | [signature] | | [signature] | |
| ০৪। | জনাব শেখ আক্তার মনি মহিলা ভাইস চেয়ারম্যান | [signature] | | [signature] | [signature] | | [signature] | |
| ০৫। | জনাব মোঃ আব্দুল বাছিত চেয়ারম্যান, পূর্ব পৈলনপুর ইউপি | [signature] | | [signature] | [signature] ২৮/০৬/২২ | [signature] ০৪/০৭/২২ | [signature] | |
| ০৬। | জনাব মোঃ আনহার মিয়া চেয়ারম্যান, খলিলপুর ইউপি | [signature] | | [signature] | [signature] | [signature] | [signature] | |
| ০৭। | জনাব নজমুল আলম চেয়ারম্যান, দেওয়ান বাজার ইউপি | [signature] | | [signature] ৩১/০৫/২২ | [signature] ২৮/০৬/২২ | | | |
| ০৮। | জনাব তাজিরুল ইসলাম রবি চেয়ারম্যান, পশ্চিম গৌরীপুর ইউপি | | | [signature] | [signature] ২৮-০৬-২২ | | | |
| ০৯। | জনাব মোঃ আব্দুল মুনিম চেয়ারম্যান, বালাগঞ্জ ইউপি | [signature] | | [signature] | [signature] | [signature] | [signature] | |
| ১০। | জনাব হিমাংশু রঞ্জন দাস চেয়ারম্যান, পূর্ব গৌরীপুর ইউপি | [signature] ৩১/০৫/২০২২ | | [signature] ৩১/০৫/২০২২ | [signature] ২৮/০৬/২০২২ | | [signature] ৩১/০৮/২০২২ | |

| ক্র. নং | কর্মকর্তাবৃন্দ | তারিখ ১৯/০৩/২৩ | তারিখ ২২/০৪/২৩ | তারিখ ৩০/৫/২৩ | তারিখ ২৮/৬/২৩ | তারিখ ২৬/৭/২৩ | তারিখ ২৭/৮/২৩ | তারিখ |
|---|---|---|---|---|---|---|---|---|
| ০১। | উপজেলা নির্বাহী অফিসার | | | | | | | |
| ০২। | উপজেলা স্বাস্থ্য ও প.প. কর্মকর্তা | [illegible] | [illegible] | [illegible] | [illegible] | [illegible] | [illegible] | |
| ০৩। | উপজেলা কৃষি কর্মকর্তা | [illegible] | [illegible] | [illegible] | [illegible] | [illegible] | [illegible] | |
| ০৪। | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা | [illegible] | [illegible] | [illegible] | [illegible] | [illegible] | [illegible] | |
| ০৫। | উপজেলা প্রাণীসম্পদ কর্মকর্তা | [illegible] | [illegible] | [illegible] | [illegible] | [illegible] | [illegible] | |
| ০৬। | উপজেলা প্রকৌশলী | [illegible] | [illegible] | | [illegible] | [illegible] | [illegible] | |
| ০৭। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা | [illegible] | [illegible] | [illegible] | [illegible] | [illegible] | [illegible] | |
| ০৮। | উপজেলা শিক্ষা কর্মকর্তা | [illegible] | [illegible] | [illegible] | | | | |
| ০৯। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা | [illegible] | [illegible] | [illegible] | | | [illegible] | |
| ১০। | উপজেলা সমাজ সেবা কর্মকর্তা | [illegible] | [illegible] | [illegible] | [illegible] | [illegible] | [illegible] | |
| ১১। | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা | [illegible] | [illegible] | [illegible] | [illegible] | [illegible] | [illegible] ২৭/৮/২৩ | |
| ১২। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা | [illegible] | [illegible] | [illegible] | [illegible] | [illegible] | [illegible] ২৭/৮/২৩ | |
| ১৩। | উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশলী | [illegible] | [illegible] | [illegible] | [illegible] | | [illegible] | |
| ১৪। | উপজেলা সমবায় কর্মকর্তা | [illegible] | [illegible] | [illegible] | [illegible] | [illegible] | | |
| ১৫। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা | | | | | | | |

| ক্রঃ নং | কর্মকর্তাবৃন্দ | তারিখ | তারিখ | তারিখ | তারিখ | তারিখ | তারিখ | তারিখ |
|---|---|---|---|---|---|---|---|---|
| ১৬। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা | ১৮/০৬/২৩ [signature] | ২২/৪/২৩ [signature] | ৩০/৫/২৩ [signature] | ২৮-৮/২৩ [signature] | ১৮/৭/২৩ [signature] | ১৭/৮/২৩ [signature] | |
| ১৭। | বন ও পরিবেশ বিভাগ | [signature] | | | | | | |
| ১৮। | সমন্বয়কারী, আমার বাড়ি আমার খামার | [signature] | | | [signature] | | | |
| ১৯। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] | | |
| ২০। | তথ্য সেবা কর্মকর্তা | | | [signature] | | | | |
| ২১। | প্রোগ্রামিং কর্মকর্তা | [signature] | [signature] | [signature] | [signature] | | | |